# মেসির হাতের বিশ্বকাপ ট্রফি ঢাকায়, ফুটবলপ্রেমীদের উন্মাদনা




সংগৃহীত ছবি

ফুটবলের স্বপ্নের সেই সোনালি ট্রফি আবারও ঢাকায়। লিওনেল মেসির হাতে ওঠা ফিফা বিশ্বকাপ ট্রফি আজ বুধবার (১৪ জানুয়ারি) সকাল দশটার দিকে শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছেছে। আনুষ্ঠানিকতা শেষে এটি নেওয়া হবে রাজধানীর রেডিসন ব্লু হোটেলে।

ট্রফির সফরসঙ্গী হিসেবে ঢাকায় এসেছেন ২০০২ বিশ্বকাপজয়ী ব্রাজিলের তারকা গিলবার্তো সিলভা। চলতি বছরের ৩ জানুয়ারি সৌদি আরব থেকে শুরু হয়েছে ফিফা বিশ্বকাপ ট্রফির বৈশ্বিক সফর। সামনে আসন্ন বিশ্বকাপকে ঘিরে এই সফরে ৩০টি ফিফা সদস্য দেশের ৭৫টি শহরে যাবে ট্রফিটি। পুরো যাত্রা চলবে দেড় শতাধিক দিন।

বাংলাদেশে আজ দুপুর দুইটার পর সীমিতসংখ্যক আমন্ত্রিত দর্শকের জন্য ট্রফি দেখার আয়োজন রাখা হয়েছে। তবে সাধারণ দর্শকদের জন্য উন্মুক্ত প্রদর্শনী থাকছে না।

এর আগে গত ২৪ বছরে চারবার বাংলাদেশে এসেছে বিশ্বকাপ ট্রফি। প্রথমবার ২০০২ সালে সোনারগাঁও হোটেলে প্রদর্শিত হয়েছিল এই ফুটবলের সর্বোচ্চ ট্রফি, যা দেশের ভক্তদের মনে বিশ্বমঞ্চের স্বপ্ন জাগিয়েছিল।

LENS ASIA

২০১৩ সালে ব্রাজিল বিশ্বকাপের আগে দ্বিতীয়বার ঢাকায় আসে ট্রফিটি। রাজনৈতিক অস্থিরতার মধ্যেও ভক্তদের আগ্রহে ভাটা পড়েনি। কাঁচের কেসে রাখা ট্রফির পাশে দাঁড়িয়ে ছবি তোলাই তখন ছিল সবচেয়ে বড় আকর্ষণ। একই সময় জাতীয় স্টেডিয়ামে বড় পর্দায় ট্রফির সরাসরি সম্প্রচারও দেখানো হয়।

সবচেয়ে বড় আয়োজন হয় ২০২২ সালে। আর্মি স্টেডিয়ামে বিশাল কনসার্ট ও প্রদর্শনী মিলিয়ে জমে উঠেছিল উৎসবের আবহ। ফরাসি কিংবদন্তি ক্রিস্টিয়ান কারেম্বুর হাত ধরে আসা ট্রফি দেখতে বৃষ্টি উপেক্ষা করে হাজির হন হাজারো সমর্থক। সেই সফরে ট্রফিটি বঙ্গভবন ও গণভবনেও নেওয়া হয়েছিল।

ফিফার বিধি অনুযায়ী, বিশ্বকাপজয়ী ফুটবলার ও রাষ্ট্রপ্রধান ছাড়া এই ট্রফি স্পর্শ করার সুযোগ কারও নেই।